

# আরও ১৩টি মাধ্যমিক ও তিনটি মহাবিদ্যালয় সরকারিকরণ

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, বুধবার, ১০ অক্টোবর ২০১৮

আরও ১৩টি মাধ্যমিক বিদ্যালয় ও তিনটি মহাবিদ্যালয় জাতীয়করণ করেছে সরকার। ৯ অক্টোবর থেকে ১৩টি বিদ্যালয় এবং ৭ অক্টোবর থেকে কলেজ তিনটির সরকারিকরণ কার্যকর হবে। এ বিষয়ে গতকাল পৃথক আদেশ জারি করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

প্রতিষ্ঠানগুলো হলো- রাজ্জামাটির নানিয়ারচর মডেল উচ্চ বিদ্যালয় ও বরকল মডেল উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ির গুইমারা মডেল হাই স্কুল, বাগেরহাটের টিএ ফারুক স্কুল অ্যান্ড কলেজ, রংপুরের কাউনিয়া মোফাজ্জল হোসেন মডেল উচ্চ বিদ্যালয়, যশোরের কেশবপুর পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয়, বরিশালের সংহতি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় এবং খুলনার কয়রা মদিনাবাদ মডেল মাধ্যমিক বিদ্যালয় ও জলমা চকরখালী মাধ্যমিক বিদ্যালয়। এছাড়া বাগেরহাটের রায়েন্দা পাইলট হাই স্কুল, মাদারীপুরের কালিকিনি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, ফরিদপুরের সালথা মডেল মাধ্যমিক বিদ্যালয় এবং কুমিল্লার মনোহরগঞ্জ উচ্চ বিদ্যালয় ও কলেজ।

সরকার হওয়া এসব শিক্ষা প্রাতিষ্ঠানের শিক্ষকরা অন্যত্র বদলি হতে পারবেন না বলে আদেশে উল্লেখ করা হয়েছে।

যেসব উপজেলায় সরকারি কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় নেই, সেখানে একটি করে কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ করছে সরকার। এর ধারাবাহিকতায় এ বছরই দেড় শতাধিক বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সরকারি করা হয়েছে।

এদিকে জাতীয়করণ হওয়া কলেজ তিনটি হলো, কক্সবাজারের উখিয়া উপজেলার বঙ্গমাতা ফজিলাতুনnesা মুজিব মহিলা কলেজ, গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলার শেখ রাসেল ডিগ্রি কলেজ এবং বগুড়ার দুপচাঁচিয়া উপজেলার শহীদ এম মনসুর আলী ডিগ্রি কলেজ।

তিনটি কলেজের ব্যাপারে আদেশে বলা হয়েছে, সরকারি কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮ এর আলোকে কলেজগুলো সরকারি করা হয়েছে।

এর আগে এ বছর মোট ২৯৩টি বেসরকারি কলেজ সরকারি করা হলো।